দৈনিক ইনকিলাব

তারিখ 30 JUL 1987
পৃষ্ঠা 6 কলাম 1

000- 1

# আল-কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

**হুয়াল্লাজি জায়ালাশ্ শামছা দ্বিয়াআঁও ওয়াল্ কামারা নূরাঁও ওয়া কাদ্দারাহু মানাযিলা লিতা'লামু আদাদাছ্ ছিনীনা ওয়াল্ হিছাব; মা খালাকাল্লাহু জালিকা ইল্লাবিল্ হাক্; ইউফাছ্ছিলুল্ আয়াতি লিকাউ মি ইয়া'লামুন।**

তিনিই সূর্যকে তেজস্কর এবং চন্দ্রকে জ্যোতির্ময় করেছেন এবং এর মনযিল নির্দিষ্ট করেছেন যাতে তোমরা বৎসর গণনা ও সময়ের হিসাব জানতে পার, আল্লাহ্ তা নিরর্থক সৃষ্টি করেননি জ্ঞানী সম্প্রদায়ের জন্য তিনি এ সমস্ত নিদর্শন বিশদভাবে বিবৃত করেন।

[সূরা ইউনুস, পারা-১১, আয়াত ৫, রুকু-১]

**হুয়াল্লাজি আরছালা রাছুলাহু বিল্হুদা ওয়া দীনিল্ হাক্কি লিইজ্'হিরাহু আলাদ্দীনি কুল্লিহি ওয়া লাউ কারিহাল্ মুশ্রিকুন।**

(তিনিই পথ নির্দেশ ও সত্য দীনসহ তাঁর রাসূল প্রেরণ করেছেন, অপর সমস্ত দীনের উপর জয়যুক্ত করবার জন্য, যদিও তা অংশীবাদিগণ অপ্রীতিকর মনে করে।)

[পারা ১০, সূরা তাওবা, আয়াত ৩৩, রুকু ৫]

**ইন্নামা আমরুহু ইজা আরাদা শাইআন্ আঁইয়া কুলালাহু কুন্ ফাইয়াকুন।**

(তাঁর ব্যাপার শুধু এই, তিনি যখন কোন কিছুর ইচ্ছা করেন, তখন তাকে বলেন 'হও' ফলে তা হয়ে যায়।)

[পারা ২৩, সূরা ইয়াসীন, আয়াত ৮২, রুকু-৫]

**এই অংশটুকু হেফাজত করুন।**